

পরীক্ষার বিজ্ঞপ্তি :- জানুয়ারী ২০১৬ টার্ম

রাষ্ট্রীয় ভারতীয় সৈন্য কলেজ, দেৱাদুন - এর জানুয়ারী ২০১৬ টার্মে বালকদের ভর্তির প্রবেশিকা পরীক্ষা

রাষ্ট্রীয় ভারতীয় সৈন্য কলেজ, দেৱাদুন (আর. আই. এম. সি)-এর জানুয়ারী ২০১৬ টার্মে অষ্টম শ্রেণীতে ভর্তির জন্য হাওড়া চয়ন কেন্দ্র থেকে উপরে উল্লিখিত পরীক্ষা দেবার জন্য যোগ্য বালকদের পিতা/মাতা/অভিভাবকদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

যোগ্যতার বাধ্যতামূলক শর্তাবলী :

(১) বয়স ১লা জানুয়ারী ২০১৬ এ ১১ বছর ৬ মাস থেকে ১৩ বছরের কম (অর্থাৎ জন্ম তারিখ ২রা জানুয়ারী ২০০৩ থেকে ১লা জুলাই, ২০০৪-এর যে কোন দিন) প্রথমে পেশ করা জন্ম তারিখ পরিবর্তনের জন্য কোন আবেদন কলেজ কর্তৃপক্ষ গ্রহন করেন না।

(২) আর. আই. এম. সি-তে ভর্তির সময় (অর্থাৎ ১লা জানুয়ারী ২০১৬) স্বীকৃত বিদ্যালয়ে সপ্তম শ্রেণীতে পাঠরত বা উত্তীর্ণ।

(৩) নির্দিষ্ট মান অনুযায়ী শারীরিকভাবে সুস্থ ও রোগ মুক্ত।

গুরুত্বপূর্ণ বিষয় :

(১) কমান্ড্যান্ট, আর. আই. এম. সি.- এর অনুকূলে কাটা এস.বি.আই. তেল ভবন, দেৱাদুন, উত্তরাখন্ড (ব্যাংক কোড-০১৫৭৬)- এ সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে রেজিস্টার্ড পোস্টের জন্য ৪৩০/- টাকা, স্পিড পোস্টের জন্য ৪৮০/-টাকা এবং তফসিলি জাতি / উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে প্রামাণ্য জাতিগত শংসাপত্র সহ রেজিস্টার্ড পোস্টের জন্য ৩৮৫/- টাকা এবং স্পিড পোস্টের জন্য ৪৩৫/- টাকার অ্যাকাউন্ট পেয়ে ব্যাংক ডিম্যান্ড ড্রাফট দাখিল করে হাওড়া কেন্দ্র থেকেও প্রসপেকটাস ও নির্দিষ্ট এ্যাপ্লিকেশন ফর্ম (অননুমোদিত ফর্ম বা ফর্মের ফটোকপি গ্রহণযোগ্য নয়) পাওয়া যাচ্ছে।

(২) শেষ তারিখ : (ক) এ্যাপ্লিকেশন ফর্মের বিতরণ:- ডাকযোগে - ২০।০৩।২০১৫ ; ব্যক্তিগতভাবে- ২৭।০৩।২০১৫ ; (খ) দুই প্রস্থ সমপূর্ণ এ্যাপ্লিকেশন ফর্ম (প্রসপেকটাস-এর নির্দেশমত পূরন করা এবং প্রয়োজনীয় ফটো, পরীক্ষার ফি ও শংসাপত্র সহ) দাখিল করা শেষ তারিখ - ৩১।০৩।২০১৫।

(৩) রাজ্যের ক্ষেত্রে উপরোক্ত পরীক্ষা বিষয়ক সংযোগ আধিকারিক-এর ঠিকানা : সহসচিব , স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, নবান্ন, কক্ষ নং-৪০৭,পঞ্চমতল, হাওড়া, পিন-৭১১১০২।

(৪) অসমপূর্ণ, ভুল ও দেৱীতে পৌছন আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।

(৫) পরীক্ষা সূচী : (ক) লিখিত (সাধারণত: কেন্দ্রীয় বিদ্যালয়ের সপ্তম শ্রেণীর মান অনুযায়ী) :- ০১।০৬।২০১৫ - ইংরাজী (সকাল ১০ টা থেকে দুপুর ১২টা : ১২৫ নম্বর) ও অংক (দুপুর ২টা থেকে বিকাল ৩-৩০ পর্যন্ত : ২০০ নম্বর) এবং ০২।০৬।২০১৫ - সাধারণ জ্ঞান (সকাল ১০ টা থেকে সকাল ১১ টা : ৭৫ নম্বর)।

(খ) সাক্ষাৎকার - ০৬।১০।২০১৫ - বুদ্ধিমত্তা, ব্যক্তিত্ব ইত্যাদি বিচার (কেবলমাত্র লিখিত পরীক্ষার সফল প্রার্থীদের জন্য (৫০ নম্বর)। পরীক্ষাকেন্দ্র পরে ঘোষিত হবে।

(৬) সর্বনিম্ন পাশের নম্বর : - সাক্ষাৎকার সহ প্রত্যেক বিষয়ে শতকরা ৫০।

(৭) লিখিত পরীক্ষার ফল জানানোর সময় :- ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে।

বি: দ্র. - বয়স-সীমা অতিক্রান্ত বালকদের পরবর্তী সুযোগের জন্য সংলগ্নপত্র 'ই' দেখুন।